



## কৃষি বিভাগ

২০২২-২৩ বর্ষে সরকারি ভরতুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের সুবর্ণ সুযোগ

স্মারক সংখ্যা: - 155-20/HQ

তারিখ :13/10/2022

- যে কোনও কৃষক, কৃষকগোষ্ঠী, কৃষি সমবায় বা সংস্থা মাটির কথা ওয়েবসাইটের ([www.matirkatha.net](http://www.matirkatha.net)) মাধ্যমে আগামী ২১-১০-২০২২ (সকাল ১০ টা) থেকে ১৮-১১-২০২২ পর্যন্ত ভরতুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য আবেদন করতে পারবেন।
- অনলাইনে পূরণ করা আবেদনপত্রের ছাপানো প্রতিলিপি, সমস্ত প্রাসঙ্গিক নথি সহ সংশ্লিষ্ট ব্লক (FSSM ও OTA-SFI র ক্ষেত্রে) / জেলা (CHC র ক্ষেত্রে) কৃষিকরণে ২১-১১-২০২২ (বিকাল ৫টা) এর মধ্যে জমা দিতে হবে।
- প্রয়োজনীয় কৃষিযন্ত্র কেনার সময় সরকার অনুমোদিত বিভিন্ন ডিলারের থেকে বাজার দর যাচাই করে কিনুন।
- পাওয়ার টিলার ও সোলার পাম্প নিতে আগ্রহী কৃষকের কমপক্ষে ১.০ একর জমির মালিকানা থাকতে হবে।
- কন্বাইন হারভেস্টার, ট্রাক্টর প্রভৃতি সমন্বিত কৃষিযন্ত্র ভাড়া কেন্দ্র স্থাপনের জন্য CHC স্কিমে ভরতুকি প্রকল্পব্যয়ের ৪০% বা ন্যূনতম ৮ লক্ষ টাকা।
- পাওয়ার টিলার, পাম্পসেট প্রভৃতি শক্তিচালিত যন্ত্রের জন্য FSSM স্কিমে ভরতুকি - যন্ত্রভেদে ৫০-৬০% বা সর্বোচ্চ ৩ লক্ষ টাকা।
- স্প্রেয়ার, শ্রেণার প্রভৃতি ছোট যন্ত্রের জন্য OTA-SFI স্কিমে ভরতুকি - মোট দামের ৫০% বা সর্বোচ্চ ১০০০০ টাকা।
- FSSM & OTA-SFI প্রকল্পে আবেদনপত্র মঞ্জুর হওয়ার সর্বাধিক ১৫ দিনের মধ্যে (সোলার পাম্পের ক্ষেত্রে ৪৫ দিন) নির্ধারিত কৃষিযন্ত্র সরকারি তালিকাভুক্ত ডিলারের কাছ থেকে কিনে সংশ্লিষ্ট নথি সহ ব্লক কৃষিকরণে জমা করতে হবে।
- কৃষিযন্ত্র ক্রয়ের যাচাই করার পর নির্ধারিত ভরতুকির টাকা উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে (FSSM & OTA-SFI) এবং CHC এর ক্ষেত্রে সাবসিডি রিজার্ভ ফান্ড অ্যাকাউন্টে সরাসরি প্রদান করা হবে।
- এই প্রকল্পে কৃষক সরাসরি নিজে, বাংলা সহায়তা কেন্দ্রের মাধ্যমে বা নিকটস্থ সহ-কৃষি অধিকর্তার করণের সহায়তায় আবেদন করতে পারেন।
- ২০২২-২৩ সালে কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার দ্বারা প্রকাশিত এই সংক্রান্ত গাইডলাইন অনুসারে প্রকল্পগুলি রূপায়িত হবে।

বিশদে জানতে ব্লক সহ-কৃষি অধিকর্তার করণে যোগাযোগ করুন।

ICA-N516(5)/2022